# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং- ৩২৪ -পাউবো/সচি/উন্নয়ন মেলা ০১/বোর্ড-২ তারিখ ঃ ২১-১২-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ "উন্নয়ন মেলা" ২০১৮ খ্রিঃ এর আয়োজন ও ব্যবস্থাপনা সম্পর্কে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা এর অফিসকক্ষে অদ্য ২১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে "উন্নয়ন মেলা" আয়োজন ও ব্যবস্থাপনা সম্পর্কীত কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পানি সম্পদ মন্ত্রণালয়াধীন নদী গবেষনা ইনিস্টিটিউট, ফরিদপুর ব্যতিত সকল সংস্থার প্রতিনিধির সাথে বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১ (এক) প্রস্থ কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামতে ।

২১/১২/২০১৭
(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।
khalequebd@gmail.com

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-
১। মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাপাউবো, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ, বাপাউবো, ঢাকা।
৪। মহাপরিচালক, নদী গবেষনা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।(তাকে আগামী সভায় উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৫। মহাপরিচালক, বাংলাদেশ হাওড় ও জলাশয় উন্নয়ন অধিদপ্তর,৭২ গ্রীণ রোড, ঢাকা।
৬। সদস্য, যৌথ নদী কমিশন, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
৭। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ৭২ গ্রীণ রোড, ঢাকা।
৮। নির্বাহী পরিচালক, সি.ই.জি.আই.এস, বাড়ী নং-৬, সড়ক নং-২৩/সি, গুলশান-১, ঢাকা-১২১২।
৯। নির্বাহী পরিচালক, আই. ডব্লিউ. এম, বাড়ী নং-৪৯৬, সড়ক নং-৩২ নিউ ডি.ও.এইচ.এস, মহাখালী, ঢাকা-১২০৬।
১০। চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
১১। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
১২। পরিচালক, অর্থ পরিদপ্তর/সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,বাপাউবো, ঢাকা।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
১৪। পরিচালক, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা।
১৫। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১৬। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা/ উপ-পরিচালক ঢাকা র‍্যাক, বাপাউবো, ঢাকা।
১৭। অফিস কপি/মাষ্টার কপি।

স্মারক নং-৩২৪-পাউবো/সচি/উন্নয়ন মেলা ০১/বোর্ড-২ তারিখ ঃ ২১-১২-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-
১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২১/১২/১৭
(সৈয়দ মাহবুবুল হক)
উপ-সচিব (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

উন্নয়ন মেলা-২০১৮ এর আয়োজন ও ব্যবস্থাপনা সম্পর্কে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অংশগ্রহণের নিমিত্ত ২১-ডিসেম্বর-২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভার সভাপতি ঃ সৈয়দ মোঃ তাজুল ইসলাম
অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন), বাপাউবো,ঢাকা।
সভার তারিখ ঃ ২১-ডিসেম্বর-২০১৭ খ্রিঃ
সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা।
স্থান ঃ অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের অফিসকক্ষ।

সভায় পানি সম্পদ মন্ত্রণালয় ও বোর্ডের উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত।

২। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০২৩.৯৯.০০২.১৫-২৬ তারিখঃ ০৬-১২-২০১৭ খ্রিঃ মোতাবেক "উন্নয়ন মেলা" ০৯ হতে ১১ জানুয়ারি ২০১৮ তে অংশগ্রহণের নিমিত্ত অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন) এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়াধীন জে.আর.সি, বাংলাদেশ হাওর ও জলাশয় উন্নয়ন অধিদপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), সি.ই.জি.আই.এস, আই. ডব্লিউ. এম এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। নদী গবেষণা ইনিষ্টিটিউটের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সভার সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তাছাড়া সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের পক্ষে যুগ্ম-সচিব জনাব কাজী সাখাওয়াত হোসেন উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে আগামী ০৯ হতে ১১ জানুয়ারী ২০১৮ খ্রিঃ অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় পানি সম্পদ মন্ত্রণালয়ের ব্যানারে সকল প্রতিষ্ঠানকে তাদের উন্নয়নমূলক কর্মকান্ড ব্যানার/লিফলেট/ব্রোসিয়ার ও ভিডিও'র মাধ্যমে নান্দনিকভাবে উপস্থাপনের গত সভার নির্দেশনার প্রেক্ষিতে অদ্যকার সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত সামগ্রিক পানি সম্পদ ব্যবস্থাপনার ওপর একটি ডকুমেন্টারি সভায় প্রদর্শন করা হয়। ডকুমেন্টারি প্রদর্শন শেষে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি যুগ্ম-সচিব জনাব কাজী সাখাওয়াত হোসেন পানি সম্পদ মন্ত্রণালয়াধীন বিভিন্ন সংস্থার মনোগ্রামসহ সামগ্রিক কর্মকান্ড সংক্ষিপ্তভাবে তুলে ধরে ৩-৫ মিনিট সময়কালের আরও একটি ভিডিও ডকুমেন্টারি তৈরি করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করেন। সভায় CEGIS কর্তৃক প্রস্তুতকৃত ভিডিওটি দেখে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি ভিডিওটিতে শুধুমাত্র পানি সম্পদ ভিত্তিক কর্মকান্ডের ওপর তৈরী করে বাংলা ভার্সনে পুনঃনির্মান করার অনুরোধ জানান। তাছাড়া সভার সভাপতি পানি সম্পদ মন্ত্রণালয়াধীন অন্যান্য সংস্থাকেও তাদের পানি সম্পদ ভিত্তিক প্রাতিষ্ঠানিক কর্মকান্ডের চুম্বক অংশ নিয়ে সংস্থাগুলোর কর্মকান্ড সম্পর্কে সর্বস্তরের জনগণকে অবহিতকরণের লক্ষ্যে সহজ ও প্রাঞ্জল ভাষায় ভিডিও ডকুমেন্টারী প্রস্তুত করে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।
সভায় সকল প্রতিষ্ঠানের পক্ষে আগত কর্মকর্তাগণ আসন্ন উন্নয়ন মেলায় অংশগ্রহণের নিমিত্ত পূর্বের সভার (১৪/১২/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত) নির্দেশনার প্রেক্ষিতে তাদের প্রস্তুতি সম্পর্কে সভাকে অবহিত করেন। সভার সভাপতি মহোদয় সকলের বক্তব্য ও পরামর্শ মনোযোগ সহকারে শ্রবণ করেন। সভাপতি মহোদয় পানি সম্পদ মন্ত্রণালয়াধীন সকল সংস্থাকে সরকারের উন্নয়ন কর্মকান্ড ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করেন।

অতপর বিস্তারিত পর্যালোচনাপূর্বক গত ০৭-১২-২০১৭খ্রিঃ ও ১৪-১২-২০১৭ খ্রিঃ তারিখের সভার ধারাবাহিকতায় সমন্বিতভাবে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্র: | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১। | পানি সম্পদ মন্ত্রণালয়াধীন বিভিন্ন সংস্থার আয়োজনে আগামী ০৯ হতে ১১ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষে বাপাউবোর কমিটিতে বিভিন্ন সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ও মোবাইল নম্বর প্রদান করা হলো। | পানি উন্নয়ন বোর্ডের ফোকাল পয়েন্ট কর্মকতাদ্বয় হলেন ঃ-<br>১। জনাব মোঃ আব্দুল মতিন সরকার,<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী,ঢাকা পওর সার্কেল<br>মোবাইল নং ঃ ০১৭১০২৫১৮৬৯।<br>২। জনাব এ.কে.এম তাহমিদুল ইসলাম,<br>পরিচালক, পরিকল্পনা-২<br>মোবাইল নংঃ ০১৭১২১৭১২৪১।<br>অন্যান্য সংস্থার ফোকাল পয়েন্টের কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-খ তে দেখানো হল। | পরিশিষ্ট-'খ' গত ৭/১২/১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে ইতোপূর্বে প্রেরণ করা হয়েছে। |



অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| | | | |
|---|---|---|---|
| ০২। | গত উন্নয়ন মেলায় ৫৯ টি জেলা ও ২৮ টি উপজেলা অংশগ্রহণ করেছে মর্মে সভায় সকলকে অবহিত করা হয়। | আসন্ন উন্নয়ন মেলায় সকল জেলা ও উপজেলায় পানি সম্পদ মন্ত্রণালয়ের ব্যানারে অংশগ্রহণ করতে হবে। | |
| ০৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল সভাকে অবহিত করেন যে, আসন্ন উন্নয়ন মেলায় পানি সম্পদ মন্ত্রণালয়াধীন বিভিন্ন সংস্থার সমন্বয়ে ৩(তিন)টি স্টল স্থাপনের জন্য ঢাকা জেলা প্রশাসনের নিকট বরাদ্দ চাওয়া হয়েছে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রতিটি স্টল পানি সম্পদ মন্ত্রণালয়াধীন বিভিন্ন সংস্থার কর্মকান্ড প্রতিফলিত করে আকর্ষণীয়ভাবে সাজানোর গৃহীত সিদ্ধান্ত পুনর্ব্যক্ত করেন। | |
| ০৪। | উন্নয়ন মেলা স্টলে পানি সম্পদ মন্ত্রণালয়াধীন সংস্থাসমূহের ডিজিটাল ভিডিও প্রদর্শনসহ ব্যানার/ ফেস্টুন/ লিফলেট/ পোষ্টার/ ব্রোসিয়ার ইত্যাদির মাধ্যমে নান্দনিকভাবে স্টল সাজানো ও জনসাধারণের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ। | **CEGIS** ও **IWM** পানি উন্নয়ন বোর্ডের কর্মকান্ড প্রতিফলিত করে ১০(দশ) হাজার বড় রঙিন পোস্টার ও ২(দুই) লক্ষ লিফলেট এবং অন্যান্য সংস্থা তাদের ২(দুই) হাজার করে পোস্টার ও লিফলেট ছাপিয়ে আগামী ০১-০১-২০১৮ তারিখের মধ্যে সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা এর নিকট জমা প্রদানের সিদ্ধান্ত পুনর্ব্যক্ত করেন। উল্লেখ্য বাপাউবো নির্মিতব্য স্টলের অবকাঠামোগত কাজ সম্পাদন করবে। | |
| ০৫। | বর্তমান সরকারের উন্নয়ন কর্মকান্ড জনসাধারণের নিকট উপস্থাপন/ প্রদর্শনের নিমিত্ত উন্নয়ন মেলা একটি বড় ভূমিকা পালন করে। উন্নয়ন মেলা সফল আয়োজন/ব্যবস্থাপনার জন্য পর্যাপ্ত অর্থের প্রয়োজন পড়ে। এ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনান্তে পার্শ্বে উল্লিখিত সুপারিশ গৃহীত হয়। | উন্নয়ন মেলায় সফলভাবে অংশগ্রহণের ব্যয় নির্বাহের জন্য প্রতি জেলাস্থ স্টলের জন্য ১(এক) লক্ষ এবং উপজেলাস্থ স্টলের জন্য ৫০(পঞ্চাশ) হাজার টাকা প্রদানে কর্তৃপক্ষের নিকট সুপারিশের সিদ্ধান্ত পুনর্ব্যক্ত করেন। | |
| ০৬। | উন্নয়ন মেলা সফলভাবে অংশগ্রহনের জন্য বিভিন্ন সংস্থার মধ্যে পরস্পরের সাথে আলাপ আলোচনা/অগ্রগতি বিষয়ে আলাপ-আলোচনা ও বিভিন্ন সংস্থার সিদ্ধান্ত প্রদানের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ উপস্থিত থাকা প্রয়োজন। | উন্নয়ন মেলার আয়োজনের পূর্বদিন পর্যন্ত প্রতি সপ্তাহের বৃহস্পতিবার মহাপরিচালক মহোদয়ের সভা কক্ষে সকাল ১১:০০ ঘটিকায় মেলা আয়োজনে অগ্রগতির ওপর মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। এর জন্য আর কোন নোটিশ জারি করা হবে না। এ সভায় প্রত্যেক সংস্থার সিদ্ধান্ত প্রদানের মত উপযুক্ত কর্তৃপক্ষের উপস্থিতির বিষয় পুনর্ব্যক্ত করেন। উল্লেখ্য আগামি ২৪-১২-২০১৭ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য সমন্বয় সভার পর পরই উন্নয়ন মেলার আয়োজন সম্পর্কিত সভায় উপস্থিত থাকার জন্য পাসম'র যগ্ম-সচিব জনাব কাজী সাখাওয়াত হোসেন সকল সংস্থার প্রতিনিধিদের অনুরোধ জানান। | |
| ০৭। | উন্নয়ন মেলা সফলভাবে আয়োজন ও বাস্তবায়নের জন্য বাপাউবো'র প্রত্যেক জেলা ও উপজেলাস্থ স্টলগুলোতে ব্যানার/ফেস্টুন/ লিফলেট/পোষ্টার/ব্রোসিয়ার ইত্যাদি মালামাল যথাসময়ে বিতরণের নিমিত্ত বিস্তারিত আলাপ আলোচনা হয়। | গত বছরের ন্যায় সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল বাপাউবো'র প্রত্যেক জেলা ও উপজেলাস্থ স্টলগুলোতে ব্যানার/ ফেস্টুন/ লিফলেট/ পোষ্টার/ ব্রোসিয়ার ইত্যাদি মালামাল মেলা শুরুর পূর্বেই ব্যবস্থা গ্রহণ করবেন। | |

"উন্নয়ন মেলা" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি অগ্রাধিকার বিষয় বিধায় তা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সফল বাস্তবায়নে ইতোমধ্যে গৃহীত সিদ্ধান্ত দ্রুততর সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সভাপতি মহোদয় সকল সংস্থার আন্তরিক সহযোগিতা কামনা করেন।

পরিশেষে তিনি উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে মেলার সফলতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১২/২০১৭

(সৈয়দ মোঃ তাজুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন),
বাপাউবো, ঢাকা।
ও
গঠিত কমিটির সদস্য-সচিব।

G:\Maksudur Rahman Munshi\unnoyon mela.docx